

সমুদ্র

সমুদ্র তোর বুক ভরা উচ্ছ্বাস  
সারাদিন ধরে হা-হা করে যায় হাওয়া  
ক্লান্তি বিহীন অবিরাম ছোট্টাছুটি  
সমুদ্র তোর মিথ্যাই চাওয়া-পাওয়া।

বুকের গভীরে রঙে লবণ জমে  
হত্মাসেই শূন্য বুকের খাঁচা  
কাকে পেতে চাই সমুদ্র সঙ্গমে  
দিন চলে যায় রাত্রি নিয়েই বাঁচা।

আয় না, দুজনে আমরা মিতালী করি  
পেতে চাই যাকে বুকের গভীরে, তাকে  
পাবো না কিছুতে সে কথা তো আজ জানি  
পেলেও হারাবো সহসা দুর্বিপাকে।

তারচেয়ে ভালো দূর থেকে শুধু দেখা  
নির্জন নীলে যে আজও রয়েছে একা।

দেবব্রত দত্ত

